দৈনিক সংবাদ

তারিখ ... JAN 17 1999 ...
পৃষ্ঠা ৮ কলাম ৮

85

# ভিকারুননিসা স্কুলের অধ্যক্ষা বদলের গুজব

(নিজস্ব বার্তা পরিবেশক)

ভিকারুননিসা নুন স্কুল ও কলেজ নিয়ে নানা গুজব বাজারে উড়ছে। স্কুলের অধ্যক্ষা হামিদা আলীকে সরিয়ে অধ্যাপিকা পান্না কায়সারকে ঐ পদে বসানো হবে এমন এক গুজবকে কেন্দ্র করে স্কুলের ছাত্রী, শিক্ষক এবং অভিভাবক মহলে নানা জল্পনা-কল্পনা চলছে।

জানা গেছে, ভিকারুননিসা নুন স্কুল ও কলেজের অধ্যক্ষা হামিদা আলীর চাকরির মেয়াদ '৯৭তে শেষ হয়ে যাওয়ার পর স্কুল গভর্নিং বডি তার চাকরির মেয়াদ ৫ বছর পর্যন্ত বাড়ায়। শিক্ষা অধিদপ্তর ২ বছর পর্যন্ত চাকরির মেয়াদ বাড়ানোর অনুমোদন করে। আগামী জুন মাসে তার এই মেয়াদ শেষ হবে।

স্কুল গভর্নিং বোর্ডের সুপারিশ এবং শিক্ষা অধিদপ্তরের নিয়মানুযায়ী অধ্যক্ষা হামিদা আলীর চাকরির মেয়াদ আরো দুই দফায় তিন বছর বাড়বে। আগের জুনের পর তার দুই বছর এবং এই দুই বছর মেয়াদশেষে আরো এক বছরের নিয়োগ পাওয়ার কথা।

অধ্যক্ষা হামিদা আলী '৮১ সালের ১লা জুন থেকে স্কুলের দায়িত্ব পালন করছেন। ভিকারুননিসা নুন স্কুল ও কলেজে যোগ দেয়ার আগে তিনি নারায়ণগঞ্জ মহিলা কলেজের অধ্যক্ষার দায়িত্ব পালন করেছেন।

স্কুলকে মহিলা বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার একটি প্রস্তাবনা মন্ত্রণালয়ে পেশ করা হয়েছে। স্কুল গভর্নিং বডি আশা করছে সরকারি অনুমোদন পেলে চলতি বছরেই বিশ্ববিদ্যালয় করার কাজ শুরু হবে। ১৮ বিঘা জমির উপর এই বিশ্ববিদ্যালয় করা হবে বলে গভর্নিং বডি জানিয়েছে। প্রয়োজনে হাইরাইজ ভবন করা হবে।

ভিকারুননিসা নুন স্কুল ও কলেজের অধ্যক্ষা পরিবর্তনের গুজব সম্পর্কে আওয়ামী লীগ দলীয় সংসদ সদস্যা অধ্যাপিকা পান্না কায়সারের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন ঃ আমি এ সম্পর্কে কিছুই জানি না।

অধ্যক্ষা বদলের গুজব সম্পর্কে হামিদা আলী 'সংবাদ'কে বলেন, বিভিন্ন জায়গা থেকে আমি গুজব শুনছি। তবে গুজবের কোন ভিত্তি আছে বলে আমি মনে করি না।